গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২১- ১৪৭

তারিখ ঃ ২১ শ্রাবণ ১৪২৮ / ০৫ আগস্ট ২০২১

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১০ আগস্ট ২০২১ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে সমাজকল্যাণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোছাঃ জান্নাতী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা সমাজসেবা অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। করোনাকালীন বেকার যুবক-যুবতীদের মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
৪। বিবিধ।

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও সদস্য সচিব
সমাজকল্যাণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.......................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট"ক": উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও উপস্থিতি স্বাক্ষর

| ক্রম | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ জান্নাতি বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)<br>উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম<br>ও সভাপতি<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি। | |
| ০২ | মোঃ শরিফুল আলম সোহেল | চেয়ারম্যান, ০২ নং শিমুলবাড়ি ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৩ | মোঃ আতাউর রহমান মিন্টু | চেয়ারম্যান, ০৪ নং বড়ভিটা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৪ | মো: রায়হানুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার<br>ও সদস্য সচিব<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |

## উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ জান্নাতি বেগম
ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী ,কুড়িগ্রাম।

স্থান ঃ ভাইস চেয়ারম্যান(মহিলা) এর কার্যালয়, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ১০/০৮/২০২১ ইং রোজ মংগলবার

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।

সভা নং : ০১।

আলোচ্য বিষয়

১. গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২. পল্লী সমাজসেবা কার্যক্রমের অগ্রগতী সম্পর্কে আলোচনা।
৩. ২০২১-২২ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ জিটুপি সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতী সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থবছরের রাজস্ব বাজেটের অর্থায়নে অফিস মেরামতের জন্য প্রস্তাবনা প্রেরণ।
৫. বিবিধ।

**সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী, উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

সভায় সভাপতি জনাব মোছাঃ জান্নাতি বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সভার বিষয়বস্তু উপস্থাপন করার আহবান জানান।

**আলোচ্য বিষয়ের আলোকে গৃহিত সিদ্ধান্তসমূহ**

**১। গত সভারকার্যবিবরণীপাঠ ও অনুমোদন:**

অদ্যকার সভায় ০১নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় সেটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

**২। পল্লী সমাজসেবা কার্যক্রমের অগ্রগতী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:**

০২ নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও সভায় উপস্থাপন করেন যে, পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রমের হালনাগাদকরণ চলমান রয়েছে। সেইসাথে বিভিন্ন প্রকল্পের বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের কাজ যথাযথভাবে সম্পাদন করার জন্য সভাপতি সদস্য সচিবকে অনুরোধ জানান।

**৩। ২০২১-২২ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ জিটুপি সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ:**

এ বিষয়ে সদস্য সচিব জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে বয়স্ক ভাতার আওতায় অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। জিটুপি সম্পর্কে সকলকে সচেতন করার জন্য প্রত্যেককে নিজ নিজ পর্যায় থেকে সহায়তা করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।

**৪। ২০২১-২২ অর্থবছরের রাজস্ব বাজেটের অর্থায়নে বাস্তবায়িত অফিস মেরামতের জন্য প্রস্তাবনা প্রেরণঃ**

এ বিষয়ে সদস্য সচিব জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়টি মেরামত করা প্রয়োজন। এজন্য প্রস্তাবনা প্রেরণের জন্য সদস্য সচিব স্থায়ী কমিটির সভাপতিসহ অন্যান্য সদস্যবৃন্দকে অনুরোধ জানান।

৫। সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ জান্নাতি বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি।

স্মারক নং- ৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২১. তারিখঃ ১০/০৮/২০২১ খ্রি.

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২. উপজেলা নির্বাহি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান.......................................... ..... ।
৪. জনাব,.......................................................।
৫. অফিস কপি।

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।